

পাশকোর্স ফর্ম ফিল-আপের বিশেষ বিজ্ঞপ্তি

* পাশকোর্স কথটি বর্তমানে প্রোগ্রাম নামে পরিচিত। ছাতনা চন্ডিদাস মহাবিদ্যালয়ে প্রোগ্রাম কোর্সে ফর্ম ফিল-আপ করতে গেলে অনার্সের বোতামটি টিপে প্রোগ্রামের বিষয় নির্বাচন করতে হবে। কারণ অনার্স বোতামের মধ্যেই প্রোগ্রামের বিষয়গুলি অন্তর্ভুক্ত করা আছে। আমাদের মহাবিদ্যালয়ে মোট ৭টি প্রোগ্রামের বিষয় আছে। যথা- বাংলা, ইংরেজি, ইতিহাস, সমাজবিদ্যা, সংস্কৃত, শিক্ষাবিজ্ঞান এবং রাষ্ট্রবিজ্ঞান। অনলাইনে বিষয় নির্বাচনের ৮টি কলাম আছে। তার মধ্যে কেউ চারটি অনার্স, চারটি প্রোগ্রাম নির্বাচন করতে পারবে। আবার কেউ ১টি অনার্স, ৭টি প্রোগ্রামও নির্বাচন করতে পারবে। এটি ছাত্র-ছাত্রীরা সিদ্ধান্ত নেবে। এই বিষয় নির্বাচনের ভিত্তিতেই মেধা তালিকা প্রকাশিত হবে। ছাত্র-ছাত্রীরা কেবলমাত্র ২বার বিষয় পরিবর্তনের সুযোগ পাবে। প্রোগ্রামে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রী যদি পরবর্তী সময়ে অনার্স পড়ার সুযোগ পায়, তবে অতিরিক্ত টাকা প্রদান করলেই হবে। অন্যদিকে একটি প্রোগ্রাম থেকে অন্য প্রোগ্রামে ভর্তি হলে অতিরিক্ত টাকা লাগবে না।

** প্রোগ্রাম পাঠের নিয়মাবলী **

কোন প্রোগ্রামের ছাত্র-ছাত্রীকে পড়তে হবে চারটি বিষয়। যথা - Dicipline 1, Disipline 2, MIL (Modern Indian Language) ও Enviornmental Studies (ENVS)। MIL হিসেবে বাংলা, সংস্কৃত ও ইংরেজির মধ্যে যেকোন একটি রাখতে হবে।

মেধা তালিকায় যে বিষয়টি ছাত্র-ছাত্রীর নামে নির্বাচিত হবে, সেই বিষয়টিই তার Dicipline 1, অর্থাৎ প্রথম বিষয়। মেধা তালিকায় নাম প্রকাশের পর তাকে অনলাইনেই দ্বিতীয় বিষয় (Dicipline 2) নির্বাচন করতে হবে এবং MIL ও নির্বাচন করতে হবে বাংলা, সংস্কৃত ও ইংরেজির মধ্যে যেকোন একটি। তারপর payment option এ গিয়ে টাকা জমা করতে হবে। তবেই ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ হবে। অন্যথায় payment option পর্যন্ত পৌঁছাতে পারবে না।